

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৬১
আগরতলা, ১২ মার্চ, ২০২৪

মাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের পরিচালনায় আজ মাধ্যমিক (নতুন সিলেবাস) এর সোস্যাল সায়েন্স (হিস্ট্রি ও পলিটিক্যাল সায়েন্স) এবং সোস্যাল সায়েন্স (ইকনমিক্স ও জিওগ্রাফি) এবং মাদ্রাসা আলিম (নতুন সিলেবাস) এর সোস্যাল সায়েন্স (হিস্ট্রি ও পলিটিক্যাল সায়েন্স) এবং সোস্যাল সায়েন্স (ইকনমিক্স ও জিওগ্রাফি) পরীক্ষা গ্রহণ করা হয়। পর্ষদ থেকে জানানো হয়েছে, রাজ্যের মোট ৬৯টি মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত সবকয়টি পরীক্ষাকেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিল। আজ মাধ্যমিক ও মাদ্রাসা আলিম নতুন সিলেবাসের সোস্যাল সায়েন্স (হিস্ট্রি ও পলিটিক্যাল সায়েন্স) এবং সোস্যাল সায়েন্স (ইকনমিক্স ও জিওগ্রাফি) পরীক্ষায় ৩২,৭১৪ জন পরীক্ষার্থী ছিল। তার মধ্যে ছাত্র ১৫,২৭৬ জন ও ছাত্রী ১৭,৪৩৮ জন। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ৩২,৪৮৪ জন পরীক্ষার্থী। তার মধ্যে ছাত্র ১৫,১৮৬ ও ছাত্রী ১৭,২৯৮ জন। অনুপস্থিতির সংখ্যা ৯০ জন ছাত্র ১৪০ জন ছাত্রী। ছাত্রছাত্রীর উপস্থিতির শতকরা হার ৯৯.৩০। আজকের পরীক্ষায় পর্ষদের সভাপতি ড. ধনঞ্জয় গণচৌধুরী ও সচিব ড. দুলাল দে উদয়পুর পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত দক্ষিণ বাগমা সমতলপাড়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, চন্দ্রপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, গামারিয়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, গর্জি সিমসিমা মাধ্যমিক বিদ্যালয়, মাতঙ্গিনী হাজরা বালিকা বিদ্যালয়, ত্রিপুরা সুন্দরী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, তৈরুপাবাড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, শালগড়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং উদয়পুর রমেশ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষামূল্যে পরিদর্শন করেন। আগামী ১৩ মার্চ উচ্চতর মাধ্যমিক (নতুন সিলেবাস) এর ম্যাথমেটিক্স/ফিলোজফি এবং মাদ্রাসা ফাজিল আর্টস (নতুন সিলেবাস) এর ফিলোজফি পরীক্ষা নেওয়া হবে।
